# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 06 April, 2025

নাটোরে কলেজশিক্ষক ও স্থানীয় দৈনিক পত্রিকা প্রান্তজনের সম্পাদক সাজেদুল ইসলামের (সেলিম) ওপর হামলার ঘটনায় বিএনপির এক নেতাসহ দুজনকে গ্রেপ্তার করেছে যৌথ বাহিনী।গতকাল রোববার রাতে সদর উপজেলার চন্দ্রকলা এলাকা থেকে তাঁদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তার দুজন হলেন সদর উপজেলার তেবাড়িয়া ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ড বিএনপির সাবেক সভাপতি আক্কাস আলী এবং মূল অভিযুক্ত ওয়ার্ড বিএনপির কর্মী আবদুর রউফ (ওহাব)।

সদর থানা সূত্রে জানা যায়, সাজেদুল ইসলামকে হত্যাচেষ্টার অভিযোগে গতকাল রাত ৯টার দিকে তাঁর পরিবারের পক্ষ থেকে মামলা করা হয়।এর কিছুক্ষণ আগে যৌথ বাহিনী চন্দ্রকলা এলাকা থেকে আবদুর রউফ ও আক্কাস আলীকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করে।আজ সোমবার সকালে তাঁদের ওই মামলায় গ্রেপ্তার দেখিয়ে আদালতে পাঠানো হয়েছে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মাহবুব রহমান বলেন, ভুক্তভোগী শিক্ষকের পরিবারের পক্ষ থেকে করা মামলায় সাত আসামির নাম উল্লেখ করা হয়েছে। এ ছাড়া ১০-১৫ জনকে অজ্ঞাতনামা আসামি রয়েছে। গ্রেপ্তার দুজন এজাহারভুক্ত আসামি। অন্য আসামিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

১৫ ঘণ্টা আগে

হামলায় আহত চন্দ্রকলা কলেজের প্রভাষক ও স্থানীয় দৈনিক প্রান্তজন পত্রিকার সম্পাদক সাজেদুল ইসলাম।রোববার দুপুরে নোটার সদর হাসপাতালে

মামলার এজাহার সূত্রে জানা যায়, প্রতিদিনের মতো গতকাল দুপুরে কলেজ থেকে বাড়িতে ফিরছিলেন সাজেদুল ইসলাম। চন্দ্রকলা বাজার এলাকায় আসামাত্র তাঁর ওপর হামলা চালান আবদুল ওহাব ও তাঁর লোকজন।সাজেদুল কলেজের ব্যবস্থাপনা কমিটির শিক্ষক প্রতিনিধি।নতুন কমিটি গঠন করা নিয়ে তাঁকে দোষারোপ করছিলেন আবদুল ওহাব। তবে এ বিষয়ে কিছুই জানেন না সাজেদুল। হামলার পরে তাঁকে উদ্ধার করে নাটোর আধুনিক সদর হাসপাতালে ভর্তি করা হয়।সেখানে তিনি চিকিৎসাধীন।

নাটোর বিএনপি বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:03

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/415775807